সিএনএস বিভাগ
ডাইরি নং ৬৫৫২
তারিখ: ২১/০৫/২০২৫

AAIRO
২১/৫/২৫

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭. ৫৫৬৮ | তারিখ: ২১ মার্চ ২০২৫ খ্রিঃ।

বিষয় : জনাব মোঃ আরিফ-উর-রহমান, সহকারী পরিচালক (সিএনএস)-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০২/২০২৫ রুজুকরণ।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ আরিফ-উর-রহমান, সহকারী পরিচালক (সিএনএস) আপনার স্ত্রীর উচ্চশিক্ষা লাভের উদ্দেশ্য যুক্তরাষ্ট্র গমনের জন্য বহিঃবাংলাদেশ ছুটির আবেদনের প্রেক্ষিতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের গত ১৫/০৮/২০২৪ তারিখের ৮৮০নং স্মারকের পত্রমূলে ১৫ (পনের) দিন বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে ১৮/০৮/২০২৪ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি;

২.০ যেহেতু, আপনি অনুমোদিত ছুটি ভোগ শেষে কাজে যোগদান না করে অনুমোদিত ছুটির ধারাবাহিকতায় ১৭/১২/২০২৪ তারিখ পর্যন্ত ৩ মাস ১৫ দিন বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত করার আবেদন প্রেরণ করেন এবং আপনার ২৯/০৮/২০২৪ তারিখের উক্ত আবেদন কর্তৃপক্ষ কর্তৃক না-মঞ্জুরপূর্বক আপনাকে অতিদ্রুত দেশে প্রত্যাবর্তন করে কাজে যোগদানের জন্য অনুরোধ করা হয়;

৩.০ যেহেতু, আপনি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না, এ মর্মে গত ০৮/১২/২০২৪ তারিখ ব্যাখ্যা তলব করা হলেও আপনার নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি এবং পরবর্তীতে ছুটি না-মঞ্জুর পত্র ও ব্যাখ্যা তলব পত্র পুনরায় বিশেষ বাহক মারফত আপনার ঢাকাস্থ আবাসিক ঠিকানায় এবং আপনার ব্যক্তিগত ই-মেইল ও WhatsApp নাম্বারে প্রেরণ করা হলে পত্রগুলো গৃহীত হয়;

৪.০ যেহেতু, আপনি কর্তৃপক্ষের পত্রের কোন জবাব দাখিল না করে অতিরিক্ত ৬ মাস ছুটি বর্ধিত করার জন্য পুনরায় আবেদন জানালে আপনার ১৬/১২/২০২৪ তারিখের আবেদন গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়নি এবং অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর বিগত ০২/০৯/২০২৪ তারিখ হতে ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় আপনি বিদেশে অবস্থান করছেন এবং এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে; এবং

৫.০ যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

৬.০ সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার বিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড আরোপ করা হবে না তা উক্ত বিধিমালার ৫৩(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এসাথে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

এয়ার ভাইস মার্শাল মোঃ মঞ্জুর কবীর ভূঁইয়া
ওএসপি,বিইউপি, এনডিসি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি পিএসসি
চেয়ারম্যান
ফোন: ৪১০৯১০০০

জনাব মোঃ আরিফ-উর-রহমান
(পিতা-মোঃ মজিবুর রহমান), সহকারী পরিচালক (সিএনএস)
পদায়ন: কক্সবাজার বিমানবন্দর, সংযুক্তি: হশাআবি, ঢাকা।
বর্তমান ঠিকানা: বাসা-বি ১/১, ক্যাব কোয়ার্টার, রোড-২৬, বনানী, ঢাকা।
বহিঃবাংলাদেশ ঠিকানা: Lafayette, Louisiana, U.S.A.
স্থায়ী ঠিকানা: বাড়ী-৩৭, রোড-৪, গ্রাম-শ্রী নারায়ন কান্দি, ইউনিয়ন-বলরামপুর, ডাকঘর-গাজীপুর, থানা-তিতাস, জেলা-কুমিল্লা (মোবাইল-০১৮৪৭৩০৫৬৮৩)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা)/সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন)/পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপ-পরিচালক (পরিচালক এর রুটিন দায়িত্বে), কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার (অভিযুক্ত কর্মকর্তার অনুকূলে অতিরিক্ত পরিশোধিত বেতন-ভাতাদি ফেরত আনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য)।
৫। সহকারী পরিচালক (হশাআবি'র প্রশাসনিক ও ফ্যাসিলিটেশন এর দায়িত্বে), হশাআবি, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল, WhatsApp নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক প্রশাসন বিভাগে প্রেরণের জন্য)।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা

**অভিযোগ বিবরণী**

জনাব মোঃ আরিফ-উর-রহমান, সহকারী পরিচালক (সিএনএস) তার স্ত্রীর উচ্চশিক্ষা লাভের উদ্দেশ্য যুক্তরাষ্ট্র গমনের জন্য বহিঃবাংলাদেশ ছুটির আবেদনের প্রেক্ষিতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের স্মারক নং-৩০.০০.০০০০.০১৩.২৫.০০২.১৭.৮৮০ তারিখ-১৫/০৮/২০২৪ মূলে ১৫ (পনের) দিন বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে গত ১৮/০৮/২০২৪ তারিখ যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তন করেননি। তিনি অনুমোদিত ছুটি ভোগ শেষে কাজে যোগদান না করে অনুমোদিত ছুটির ধারাবাহিকতায় ১৭/১২/২০২৪ তারিখ পর্যন্ত ৩ মাস ১৫ দিন বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিত করার আবেদন প্রেরণ করেন। তার ২৯/০৮/২০২৪ তারিখের উক্ত আবেদন কর্তৃপক্ষ কর্তৃক না-মঞ্জুর করা হয় এবং তাকে অতিদ্রুত দেশে প্রত্যাবর্তন করে কাজে যোগদানের জন্য স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৫.০৬০.১৭.৫০৬৭ তারিখ-৩১/১০/২০২৪ এর মাধ্যমে অনুরোধ করা হয়।

২.০ জনাব মোঃ আরিফ-উর-রহমান, সহকারী পরিচালক (সিএনএস) কাজে যোগদান না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় কেন তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না, এ মর্মে গত ০৮/১২/২০২৪ তারিখ ব্যাখ্যা তলব করা হলেও তার নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে ছুটি না-মঞ্জুর পত্র ও ব্যাখ্যা তলব পত্র পুনরায় বিশেষ বাহক মারফত তার ঢাকাস্থ আবাসিক ঠিকানায় এবং তার ব্যক্তিগত ই-মেইল ও WhatsApp নাম্বারে প্রেরণ করা হলে পত্রগুলো গৃহীত হয়। তিনি কর্তৃপক্ষের পত্রের কোন জবাব দাখিল না করে অতিরিক্ত ৬ মাস ছুটি বর্ধিত করার জন্য পুনরায় আবেদন জানালে তার ১৬/১২/২০২৪ তারিখের আবেদন গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়নি। অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর বিগত ০২/০৯/২০২৪ তারিখ হতে ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় তিনি বিদেশে অবস্থান করছেন এবং এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটছে।

৩.০ জনাব মোঃ আরিফ-উর-রহমান (পিতা-মোঃ মজিবুর রহমান), সহকারী পরিচালক (সিএনএস)-এর উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

১২/০৬/২৫

এয়ার ভাইস মার্শাল মোঃ মঞ্জুর কবীর ভূঁইয়া
ওএসপি, বিইউপি, এনডিসি, এনএসডব্লিউসি, এএফডব্লিউসি পিএসসি
চেয়ারম্যান